

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা  
পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

বিজ্ঞপ্তি

নং পরীক্ষা/সিইটি-২৬২৭

তারিখ : ০১/০১/২০১৩

পরীক্ষার্থীগণকে নিম্নলিখিত বিষয়ে সতর্ক করে দেয়ার জন্য সংশ্লিষ্ট সকল সম্মানিত তদারককারীগণকে অনুরোধ করা যাচ্ছে :

- ১। পরীক্ষার্থীর কাছে Mobile Phone রাখা যাবে না। কোন পরীক্ষার্থী Mobile Phone নিয়ে পরীক্ষা কক্ষে আসলে সেই Phone টি Switch off করে তার ব্যাগে রেখে ব্যাগটি শিক্ষকের নিকট জমা রাখবে অথবা নিজ দায়িত্বে শিক্ষকের টেবিলের উপর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত জমা রাখবে।
- ২। পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার সংগে সংশ্লিষ্ট বা সংশ্লিষ্ট নয় এমন কোন লেখা কাগজ বা অন্য কোন মাধ্যম পরীক্ষার্থীর নিকট থাকা অপরাধ। পরীক্ষা শুরু হওয়ার পূর্বেই এ ধরনের কাগজ বা অন্য কোন মাধ্যম দায়িত্বরত শিক্ষকের নিকট জমা দিতে হবে।
- ৩। পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীর কাছে লিখিত কাগজ, Programmable Calculator, digital dairies বা পরীক্ষা সংক্রান্ত তথ্য বহনযোগ্য কোন electronic মাধ্যম পাওয়া গেলে তাকে তৎক্ষণাতঃ পরীক্ষা কক্ষ হতে বহিষ্কার করা হবে।
- ৪। পরীক্ষা চলাকালীন সময়ে প্রক্ষালন কক্ষ ও বারান্দাসমূহ পরীক্ষা অংগণ বলে গণ্য করা হবে।
- ৫। পরীক্ষার খাতায় লিখিত "পরীক্ষার্থীর প্রতি নির্দেশাবলী" ও "পরীক্ষা সংক্রান্ত আইন-কানুন" ভালভাবে পড়ার জন্য পরীক্ষার্থীদেরকে নির্দেশ দেয়া হল।

(ডঃ মোঃ আবুল কাশেম মিয়া)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

অধ্যাপক, সিএসই বিভাগ

নং পরীক্ষা/সিইটি-২৬২৭(৬০)

তারিখ : ০১/০১/২০১৩

অনুলিপি :

- ১। সকল ডীন, প্রঃ বিঃ, ঢাকা
- ২। সকল বিভাগীয় প্রধান, প্রঃ বিঃ, ঢাকা
- ৩। সকল পরিচালক, প্রঃ বিঃ, ঢাকা
- ৪। পরিচালক, আইআইসিটি, প্রঃ বিঃ, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৫। রেজিস্ট্রার, প্রঃ বিঃ, ঢাকা
- ৬। কম্পিউটার, প্রঃ বিঃ, ঢাকা
- ৭। লাইব্রেরিয়ান, প্রঃ বিঃ, ঢাকা
- ৮। সকল হল প্রভোস্ট, প্রঃ বিঃ, ঢাকা
- ৯। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, প্রঃ বিঃ, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০। চীফ মেডিক্যাল অফিসার, প্রঃ বিঃ, ঢাকা
- ১১। সহকারী পরিচালক (পাবলিকেশন কাম ইনফরমেশন), প্রঃ বিঃ, ঢাকা (ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য)